



কচুয়া (চাঁদপুর) : দারচর প্রাথমিক বিদ্যালয়ের মাঠে পাঠ নিচ্ছে শিক্ষার্থীরা

কচুয়ায় ১৯টি বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ

■ কচুয়া (চাঁদপুর) সংবাদদাতা

কচুয়া উপজেলার ১৯টি ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চলাছে পাঠদান।

এসব ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ বিদ্যালয়গুলো হচ্ছে হাতিবন্দ সপ্রাণি, আয়মা সপ্রাণি, দারচর সপ্রাণি, মধ্য সাদিপুর সপ্রাণি, বড় ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কাদলা, পূর্ব মাঝিগাছা, পূর্ব প্রসন্নকোণ, মালচোয়া, এনায়েতপুর, কড়ইয়া উত্তরপাড়া, পশ্চিম আকানিয়া, নলুয়া, খিলা মধ্যপাড়া, সাহার পাড় এবং নলুয়া-দৌলতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। এর মধ্যে হাতিবন্দ, আয়মা, দারচর, মধ্য সাদিপুর ও দুর্গাপুর

বিদ্যালয় অতি ঝুঁকিপূর্ণ। ১৯টি ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ের মধ্যে অর্ধেকেরও বেশি বিদ্যালয়ে খোলা আকাশের নিচে শিক্ষার্থীদেরকে পাঠদান করতে হচ্ছে।

কচুয়া উপজেলা শিক্ষা কর্মকর্তা হেমায়েতুল ফারুক উইয়া জানান, গত ২৫ সেপ্টেম্বর উল্লেখিত ১৯টি ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ বিদ্যালয় নাম তালিকাভুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের পাঠানো হয়েছে।

এদিকে ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলোতে সম্ভাব্য দুর্ঘটনার ভয়ে অভিভাবকরা শিক্ষার্থীদের বিদ্যালয়ে পাঠাতে সাহস পাচ্ছেন না। শিক্ষার্থীরাও ভয়ে বিদ্যালয়ে যাওয়ার আগ্রহ হারিয়ে ফেলেছে।